# আত্মচূর্ণ হৃৎদীর্ণ

মনে পড়ছে
বৃষ্টিভেজা কুয়াশা ঢাকা নীল বেদনার শান্ত কোরক
আকাশ আকাশ অলিঙ্গনের পান্থ দু'চোখ মনে পড়ছে
মনে পড়ছে হে দ্রাঘিমা
ঘর ছেড়ে মন বাইরে গেলে ভীষণ কোনো হট্টোরোলে
ভেঙে পড়ে চোখের তারা
কাতর এবং সবিস্ময়ে এই পৃথিবীর বুকে লাগে
প্রাণ প্রদীপের আলোকমালা
ঘরে ফেরার পালা এলো ঘরে ফেরা
আমার হাতে খিড়কি খোলার শব্দ হলো
তখন সুদূর দুয়ার থেকে কণ্ঠ এলো-
দুয়ার খোলো, দুয়ার খোলো, দুয়ার খোলো বন্যাধারা
সুনিদ্রা থাক পথে পড়ে
এই আমাকে জড়িয়ে রাখ নিবিড় বুকে
দুয়ার থেকে খিড়কিগুলো অনেক দূরে
আলো এসে হুড়মুড়িয়ে ঢুকে পড়ে
অহংকারে বদ্ধপাগল নাচছে সাথে
মনে পড়ছে তারুণ্য আর সেই অধিকার
উদ্ধত চোখ কাতর হলে কেমন দেখায়
কেমন দেখায় মনে পড়ছে সে-সব কথা
এই নীলিমা ছাড়িয়ে এখন নাইবা পেলে
নাইবা পেলে অনিরুদ্ধ বাল্যবেলা
আমার কেবল মনে পড়ছে তার সে-কথা
বৃষ্টিভেজা কুয়াশা ঢাকা নীল বেদনার শান্ত কোরক
আকাশ আকাশ আলিঙ্গনে পান্থ দুচোখ